05 OCT 1991

তারিখ 05 OCT 1991
পৃষ্ঠা ২ কলাম ৬

দৈনিক ইত্তেফাক

১৫

# সরকারী কলেজ শিক্ষক সমিতির দাবী মানিয়া নেওয়ার আহবান

গতকাল (শুক্রবার) বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক এম মোজাফফর হোসেনের সভাপতিত্বে সমিতির কার্যনির্বাহী কমিটি ও পদোন্নতি হইতে বঞ্চিত সহকারী অধ্যাপকদের এক যৌথসভা ঢাকার

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## সরকারী কলেজ শিক্ষক

(১ম পৃঃ পর)

কবি নজরুল কলেজে অনুষ্ঠিত হয়। সভায় পদোন্নতি বঞ্চিত সহকারী অধ্যাপকদের অবিলম্বে শূন্য পদে পদোন্নতি প্রদান করিয়া গত ৪ঠা সেপ্টেম্বর হইতে জ্যেষ্ঠতা প্রদান, সংরক্ষিত ২০% পদ ও লীভ রিজার্ভ-এর ৮২৫টি পদ পদোন্নতির মাধ্যমে পূরণ, উপাধ্যক্ষের সকল শূন্য পদ পূরণ, ১৯৮৪ সালের পর নূতন জাতীয়কৃত কলেজে 'ষ্টাফিং প্যাটার্ন' মোতাবেক পদ সৃষ্টি করা এবং উল্লিখিত কলেজসমূহের সকল শিক্ষককে ক্যাডারভুক্ত করিয়া টাইম স্কেল ও পদোন্নতি দানসহ শূন্য পদ পূরণের জন্য দাবী জানান হয়। শিক্ষাঙ্গনে সন্ত্রাস নির্মূল এবং সমিতির সাংগঠনিক বিষয় নিয়াও সভায় আলোচনা হয়।

—প্রেস বিজ্ঞপ্তি